**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস।
www.dmlc.gov.bd

নং-২৩.২২.০০০০.০১৮.১১.১৬৫.২৩-৬৮৪

তারিখঃ ১৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ **জুনিয়র শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) পদে নিয়োগ আদেশ।**

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট বোর্ড বালিকা উচ্চ বিদ্যালয়ে জুনিয়র শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) এর শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী ১১তম গ্রেডে (১২,৫০০-৩০,২৩০/- টাকার বেতন স্কেলে) তাকে নিয়োগ প্রদান করা হলো।

**শর্তাবলী**

(১) চাকরির শিক্ষানবিসকাল হবে চাকরিতে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর। শিক্ষানবিসকাল কোন কারণে সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করতে পারবেন;

(২) চাকরি সন্তোষজনক না হলে ৩০ (ত্রিশ) দিনের আগাম নোটিশ প্রদান সাপেক্ষে চাকরি হতে অব্যাহতি প্রদান করা যাবে। অনুরূপভাবে চাকরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিনের আগাম নোটিশ প্রদান করতে হবে অথবা ৩০ (ত্রিশ) দিনের বেতন সমর্পণ করতে হবে। ইস্তফাপত্র গৃহীত হওয়ার পূর্বে বর্ণিত প্রাপ্য অর্থ ফেরত না দিলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;

(৩) পুলিশ তদন্ত প্রতিবেদন গ্রহণের লক্ষ্যে প্রার্থী কর্তৃক পুলিশ তদন্ত প্রতিবেদন সম্পর্কিত ০২ (দুই) প্রস্থ ফরম পূরণপূর্বক যোগদানের পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে সংশ্লিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ডে দাখিল করতে হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। শারীরিক যোগ্যতা এবং প্রাক-চরিত্র সম্পর্কিত পুলিশ তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোন নোটিশ প্রদান ব্যতিরেকেই চাকরি হতে অপসারণ করা যাবে;

(৪) নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ পেনশন সুবিধা প্রাপ্য হবেন না, তবে 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড'-এর সুবিধা প্রাপ্ত হবেন;

(৫) সংশ্লিষ্ট সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য সনদ গ্রহণপূর্বক যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে;

(৬) এ অধিদপ্তরের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে চাকরি বদলিযোগ্য হবে;

(৭) চাকরির অন্যান্য শর্তাবলী ক্যান্টনমেন্ট আইন, ২০১৮, ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুলস, ১৯৫৪ এবং সরকার কর্তৃক সময় সময় জারিকৃত ও প্রযোজ্য বিধি-বিধান অনুযায়ী পরিচালিত হবে;

(৮) যোগদানের সময় এসএসসি/সমমানের পরীক্ষার মূল সনদপত্র, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

(৯) চাকরিতে যোগদানের সময় নিজের এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী দাখিল করতে হবে;

(১০) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২.০ উপর্যুক্ত শর্তসমূহ তার নিকট গ্রহণযোগ্য হলে আগামী **০১/১১/২০২৩ তারিখ রোজ বুধবার** পূর্বাহ্নে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড-এর নিকট যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচনা করে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

**(শামীম আহম্মেদ)**
মহাপরিচালক
ফোনঃ ৮৭১১৫১০
E-mail: dg@dmlc.gov.bd

জনাব মোঃ খায়রুল ইসলাম
মাতা: রোকেয়া বেগম, পিতা: মোঃ রফিকুল ইসলাম
স্থায়ী ঠিকানা: গ্রাম: ঝলম, ডাকঘর: ঝলম (৩৫৬০),
থানা/উপজেলা: বরুড়া, জেলা: কুমিল্লা।

নং-২৩.২২.০০০০.০১৮.১১.১৬৫.২৩-৬৮৪

তারিখঃ ১৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্ঞাতার্থে ও কার্যার্থে)।

০১। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, রংপুর ক্যান্টনমেন্ট বোর্ড, রংপুর সেনানিবাস।
[যোগদানপত্র গ্রহণকালে-

(১) উপ-অনুচ্ছেদ-৩ অনুযায়ী প্রার্থী কর্তৃক পূরণকৃত পুলিশ তদন্ত প্রতিবেদন সম্পর্কিত ফরম যোগদান পরবর্তী ১৫ (পনেরো) দিনের মধ্যে গ্রহণপূর্বক সংশ্লিষ্ট পুলিশ সুপারের নিকট প্রেরণ;

(২) উপ-অনুচ্ছেদ-৪ অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষকের যোগদানের ০১ (এক) মাসের মধ্যে 'কনট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ড' (CPF) চালুপূর্বক প্রতিবেদন দাখিল;

(৩) উপ-অনুচ্ছেদ-৮ এর শর্তানুযায়ী শিক্ষাগত যোগ্যতা, নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্রের মূল কপি যাচাইপূর্বক যোগদান সংক্রান্ত প্রতিবেদন **১৫ নভেম্বর, ২০২৩** তারিখের মধ্যে এবং

(৪) ক্যান্টনমেন্ট আইন, ২০১৮, ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুলস, ১৯৫৪, চাকরি বিধি, শিক্ষা প্রদান পদ্ধতি, শিক্ষকের দায়িত্ব ও কর্তব্য ইত্যাদি বিষয়ের উপর ০৩ (তিন) দিনব্যাপী (In house) প্রশিক্ষণ প্রদানপূর্বক যোগদানের ০২ (দুই) সপ্তাহের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]

০২। ব্যক্তিগত নথি, জনাব মোঃ খায়রুল ইসলাম।

২৯/১০/২০২৩

(ফারহানা তারান্নুম মাসুদ)
সহকারী পরিচালক (শিক্ষা)
ফোন: ৮৭১৫৬৯৭
E-mail: eduof@dmlc.gov.bd